দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 0 9 NOV 2015 ...
পৃষ্ঠা ...১৪... কলাম ...৩...

# না'গঞ্জে এক শিক্ষকের কারাদণ্ড ॥ তিনজন বহিষ্কার

## জেএসসি-জেডিসি পরীক্ষা

নিজস্ব সংবাদদাতা, নারায়ণগঞ্জ, ৮ নবেম্বর ॥ আড়াইহাজারে জেএসসি পরীক্ষায় ছাত্রকে নকল দেয়ার দায়ে রবিবার সকালে জয়নাল আবেদীন নামে সহকারী শিক্ষককে ভ্রাম্যমাণ আদালত ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছে। এছাড়া জেডিসি পরীক্ষায় নকলে সহযোগিতা করার কারণে বোরহান উদ্দিন, ইকবাল ও আমেনা বেগম তিন মাদ্রাসা শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সাইফুল ইসলাম প্রধান জানান, গোপালদীর সদাসদী বহুমুখী উচ্চ বিদ্যালয়ে অঙ্ক পরীক্ষা চলাকালীন শিক্ষক জয়নাল আবেদীন সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর ছাত্রদের মধ্যে সরবরাহ করার সময় ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী কর্মকর্তা কামাল হোসেন তাকে হাতেনাতে ধরে ফেলেন। পরে তাকে এ দণ্ডাদেশ। দণ্ডপ্রাপ্ত শিক্ষক উপজেলার মাহমুদপুর ইউনিয়ন উচ্চ বিদ্যালয়ে (নন-এমপিওভুক্ত) কর্মরত আছেন। অন্যদিকে, জেডিসি পরীক্ষায় আড়াইহাজার এমদাদুল উলুম আলিম মাদ্রাসা কেন্দ্রে ছাত্রছাত্রীদের নকলে সহযোগিতা করায় রসুলপুর মহিলা মাদ্রাসার শিক্ষক বোরহান উদ্দিন, রসুলপুর ওসমান মোল্লা ফাজিল মাদ্রাসার শিক্ষক ইকবাল হোসেন ও ভল্লবদী কান্দা দাখিল মাদ্রাসার শিক্ষিকা আমেনা বেগমকে দায়িত্ব থেকে বহিষ্কার করা হয়।